

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.১১৪.১৯.১২১

তারিখ: ২৪ আষাঢ়, ১৪২৬

০৮ জুলাই ২০১৯

বিষয়: রিট পিটিশন নং-১৬০০/২০১৯ মামলায় সরকার পক্ষে জবাব দাখিলসহ প্রয়োজনীয় আইনী ব্যবস্থা গ্রহণক্রমে টিএমইডিতে তথ্য প্রেরণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের রুল নিশি জারির আদেশ, তারিখ: ১৯.০২.২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জনাব মো: আবু তালেব হোসেন, পিতা: মৃত মুনির উদ্দীন সরকার এবং সুপারিনটেন্ডেন্ট, রামগোপাল হোসেনিয়া দ্বি-মুখী দাখিল মাদরাসা, থানা: গীরগাছা, জেলা: রংপুর কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১৬০০/২০১৯ মামলা দায়ের করা হয়েছে এবং মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক উক্ত মামলার রুল নিশি জারির আদেশ প্রেরণ করা হয়েছে।

০২. উক্ত মামলার রুল নিশি জারির আদেশ, আর্জি এবং তৎসংলগ্নীসমূহ পর্যালোচনা করে দেখা যায় যে, রিট আবেদনকারী জনাব মো: আবু তালেব হোসেন বিগত ১৮.০২.২০১৫ খ্রি: তারিখে রামগোপাল হোসেনিয়া দ্বি-মুখী দাখিল মাদরাসায় সুপার পদে যোগদান করে কর্মরত রয়েছেন। জুলাই, ২০১৬ খ্রি: তারিখে তার নাম এমপিওভুক্ত হয় এবং এমপিও প্রাপ্ত হন। কিন্তু যোগদানের পর ১৬ মাসের এমপিও তিথি প্রাপ্ত হননি। এর পরিস্থিতিতে সংশ্লিষ্ট হয়ে ১৬ মাসের বকেয়া এমপিও দাবী করে মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-১৬০০/২০১৯ মামলাটি দায়ের করা হয়।

০৩. উক্ত রিট পিটিশন মামলায় সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় মহোদয়-কে ১নং রেসপনডেন্ট, মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর-কে ২ নং রেসপনডেন্ট, মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর-কে ৩ নং রেসপনডেন্টসহ মোট ০৭ (সাত) জনকে রেসপনডেন্ট করা হয়েছে।

০৪. মামলাটিতে সরকারি স্বার্থ সংরক্ষণের নিমিত্ত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ আবশ্যিক।

০৫. মামলাটিতে সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা করার লক্ষ্যে কী কী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে, রুল নিশি জারির প্রেক্ষিতে কোন জবাব (*Affidavit in opposition*) মহামান্য হাইকোর্টে দাখিল হয়েছে কী-না এবং মামলাটির সর্বশেষ অবস্থা কী; মামলাটি বিষয়ে সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা এবং পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ সকল বিষয়ে তথ্য প্রয়োজন।

০৬. এমতাবস্থায় উপরিউক্ত মতে রিট পিটিশন নং-১৬০০/২০১৯ মামলায় সরকার পক্ষে জবাব (*Affidavit in opposition*) দাখিলসহ (ইতোপূর্বে দাখিল না হয়ে থাকলে) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণক্রমে চাহিত তথ্য (প্রমাণকপসহ) আগামী ০৩.০৭.২০১৯ খ্রি: তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



০৩-০৭-২০১৯

ড. মো: মহাভাব হোসেন

সংযুক্ত কর্মকর্তা (আইন)

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর (অতিরিক্ত সচিব)

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.১১৪.১৯.১১১/১(৭)

তারিখ: ২৪ আষাঢ়, ১৪২৬

০৮ জুলাই ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ✓ ৪) সিসটেম এ্যানালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫) যুগ্ম-সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬) উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৭) অফিস কপি/ মাস্টার কপি, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।



ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)